অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটের 40 মিলিয়ন ডলারের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের দ্বিতীয় রাউন্ডের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

প্রথম রাউন্ডে প্রাণ-বিজ্ঞান শিল্পের সমৃদ্ধি ত্বরান্বিত করতে এবং সংক্রামক রোগ ও অন্যান্য জনস্বাস্থ্য সংক্রান্ত হুমকির বিরুদ্ধে লড়াইয়ের জন্য 15.3 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা হয়েছে

আবেদন ও তহবিল সংক্রান্ত নির্দেশনা এখানে **পাওয়া যাবে**

বিশ্বমানের ট্রান্সলেশনাল গবেষকদের নিউ ইয়র্ক স্টেটে নিয়ে আসার জন্য 15 মিলিয়ন ডলারের NYFIRST অনুদান কর্মসূচির চতুর্থ রাউন্ডের জন্যেও আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে

নিউ ইয়র্কের 40 মিলিয়ন ডলারের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের দ্বিতীয় রাউন্ডের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে বলে গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা দিয়েছেন। এপ্রিল মাসে আটটি স্টার্টআপ এবং 10টি একাডেমিক সেন্টারকে 15.3 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা এই তহবিল, গুরুতর সংক্রামক স্বাস্থ্য ঝুঁকি মোকাবেলাকারী প্রাণ বিজ্ঞান গবেষণা ও উদ্ভাবনগুলোর উন্নয়ন ও বাণিজ্যিকীকরণ ত্বরান্বিত করার পাশাপাশি কর্মসংস্থান তৈরি এবং নিউ ইয়র্ক স্টেটের সম্প্রসারণশীল প্রাণ বিজ্ঞান শিল্পের সমৃদ্ধিতে উৎসাহ দেওয়ার জন্য প্রতিষ্ঠা করা হয়েছিল।

"40 মিলিয়ন ডলারের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের কল্যাণে নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলো উদ্ভাবনের গতি বৃদ্ধি করতে এবং স্টেটের অর্থনীতির প্রবৃদ্ধি ঘটাতে কোভিড-19 মহামারীর সময়ে পাওয়া শিক্ষাগুলো কাজে লাগাতে পারছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই তহবিল কাজে লাগিয়ে, আমরা সংক্রামক রোগের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছি, নিউ ইয়র্ক স্টেটে উল্লেখযোগ্য পরিমাণ কর্মসংস্থান ও বিনিয়োগ নিয়ে আসছি, এবং আমাদের ভবিষ্যতের জন্য আরো ভালোভাবে প্রস্তুতি নিচ্ছি। আমি এই ঘোষণা দিতে পেরে রোমাঞ্চিত যে এই তহবিলের দ্বিতীয় রাউন্ডের জন্য আবেদনের সুযোগ এখন উন্মুক্ত হয়েছে, এবং আমাদের স্টেটের সমৃদ্ধ প্রাণ বিজ্ঞান খাতকে বেড়ে উঠতে সাহায্য করার জন্য আমি স্টার্টআপ ও প্রাথমিক পর্যায়ে থাকা কোম্পানিগুলোকে এই সুযোগ কাজে লাগাতে উৎসাহিত করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO, ও কমিশনার হোপ নাইট বলেন, "স্টেটের প্রাণ বিজ্ঞান খাত নিউ ইয়র্কের অর্থনীতির একটি প্রধান চালিকা শক্তি। এক্ষেত্রে বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল, শুধু স্টেটজুড়ে সম্পন্ন হওয়া বৈজ্ঞানিক গবেষণাগুলোকে গুরুতর সংক্রামক রোগের হুমকিসমূহের সর্বাধুনিক চিকিৎসা ও সমাধানে পরিণত করার মাধ্যমেই নয়, বরং প্রাণ বিজ্ঞান বাস্তুসংস্থান সম্প্রসারণ এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার মাধ্যমেও, একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের মাধ্যমে প্রাণ বিজ্ঞান খাতের উদ্ভাবনগুলো ত্বরান্বিত করা আমাদের স্টেটকে এবং জনস্বাস্থ্য খাতের সামনের সারিতে থাকা ব্যক্তিদেরকে গুরুতর সংক্রামক রোগের হুমকিসমূহ শনাক্ত করতে এবং সেগুলোর প্রতি সাড়াদান করতে আরো বেশি সক্ষম করে তুলবে। প্রাণ বিজ্ঞান শিল্পের সম্প্রসারণের জন্য এই বিনিয়োগ আরো একবার সব নিউ ইয়র্কবাসীর জনস্বাস্থ্য রক্ষার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে প্রমাণ করছে।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যাথরিন উইল্ড বলেন, "বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের দ্বিতীয় রাউন্ড নিউ ইয়র্কের প্রাণ বিজ্ঞান শিল্পের সম্প্রসারণের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে সামনে এসেছে, যা মহামারী চলাকালীন সময়ে আমরা যেসব নতুন স্টার্টআপ কোম্পানি দেখতে পেয়েছিলাম সেগুলোর গতি বৃদ্ধিতে অবদান রাখবে। এই কর্মসূচি বৈশ্বিক উদ্ভাবনী অর্থনীতিতে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থান পুনরায় নিশ্চিত করছে।"

বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের মাধ্যমে প্রদত্ত অনুদান গুরুতর সংক্রামক রোগগুলো শনাক্ত করে, সেগুলোর চিকিৎসা করে, এবং সেগুলো প্রতিরোধ করে এমন উন্নত সমাধান বাজারে নিয়ে আসতে সাহায্য করবে, যা নিউ ইয়র্কের ক্রমশ সম্প্রসারিত হতে থাকা প্রাণ বিজ্ঞান শিল্পের সমৃদ্ধিতে উৎসাহ যোগাবে এবং সংক্রামক রোগ প্রতিরোধ ও প্রশমনের ক্ষেত্রে এই স্টেটকে একটি নেতৃত্বের স্থানে অধিষ্ঠিত করবে। শুরুর রাউন্ডের অনুদানপ্রাপ্তরা যেসব প্রকল্প নিয়ে কাজ করবে সেগুলো ভাইরাস-বিরোধী, ব্যাকটেরিয়া-বিরোধী, ও শক্তিশালী টিকা উন্নয়ন; সংক্রামক রোগের হুমকি ও বায়োলজিক টক্সিন দ্রুত শনাক্তকরণ; এবং পৃষ্ঠতলগুলোতে সংক্রমণ ছড়িয়ে পড়া প্রতিরোধ করার প্রতি মনোযোগী হবে।

গুরুতর সংক্রামক রোগের হুমকি প্রতিরোধ, প্রতিকার বা প্রশমনের জন্য সম্ভাবনাময় ডায়াগনস্টিক, টিকা, থেরাপিউটিক, ও অন্যান্য উদ্ভাবন তৈরি করছে এমন যোগ্য কোম্পানিগুলো 4 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিল পাওয়ার জন্য আবেদন করতে পারবে। নিউ ইয়র্কের একাডেমিক গবেষণা প্রতিষ্ঠানগুলো প্রাণ বিজ্ঞান খাতের উন্নত বুদ্ধিবৃত্তিক সম্পত্তির ব্যবহার ত্বরান্বিত করতে সাহায্যের জন্য 500,000 ডলার পর্যন্ত তহবিলের জন্যেও আবেদন করতে পারবে। বাণিজ্যিক উপযুক্ততার সর্বোচ্চ সম্ভাবনা রয়েছে এমন উদ্ভাবনগুলোর উন্নয়নে সহায়তা করার ক্ষেত্রে জোর দেয়া হবে। আবেদন করার শেষ সময় 6 অক্টোবর, 2022 তারিখ বিকাল 5টা EDT। অনলাইনে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health), কলম্বিয়া বিশ্ববিদ্যালয় (Columbia University), মাউন্ট সিনাই স্কুল অব মেডিসিন (Mount Sinai School of Medicine), ও দুটি ভেঞ্চার ফান্ডের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি নির্বাহী কমিটির নির্দেশনা মোতাবেক এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এই বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল পরিচালনা করছে। বায়োফার্মা শিল্পের বিশেষজ্ঞ, প্রাণ বিজ্ঞান খাতের ভেঞ্চার কমিউনিটি, ও একাডেমিক বিশেষজ্ঞদের একটি পর্যালোচনা পরিষদ জমাকৃত আবেদনগুলো পর্যালোচনা ও মূল্যায়ন করবে এবং সেগুলো সম্পর্কে ESD-কে সুপারিশ করবে। এই কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে অনুদানপ্রাপ্তরা তাদের উন্নয়ন কর্মসূচিগুলো সঠিক পথে রয়েছে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করার জন্য বায়োফার্মা শিল্প, ভেঞ্চার বিনিয়োগ, ও একাডেমিয়ার অভিজ্ঞ মেন্টরদের দিকনির্দেশনা পাবেন।

NYFIRST-এর চতুর্থ রাউন্ডের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে
নিউ ইয়র্ক ফান্ড ফর ইনোভেশন ইন রিসার্চ এন্ড সায়েন্টিফিক ট্যালেন্ট (New York Fund for Innovation in Research and Scientific Talent, NYFIRST)-এর তরফ থেকে অনুদানের চতুর্থ রাউন্ডের জন্য আবেদনের সুযোগ এখন উন্মুক্ত হয়েছে। 15 মিলিয়ন ডলারের এই মেডিকেল স্কুলের অনুদান কর্মসূচি ট্রান্সলেশনাল গবেষণার প্রতি মনোযোগ দেওয়া অসাধারণ প্রাণ বিজ্ঞান গবেষকদের নিয়োগ প্রদান ও ধরে রাখার জন্য উৎসাহিত করে, যেসব গবেষণা মেডিকেল অবস্থাগুলো নির্ণয় ও চিকিৎসা করার নতুন উপায়সমূহ সন্ধানের জন্য প্রাথমিক বৈজ্ঞানিক গবেষণার উপর ভিত্তি করে গড়ে উঠে। NYFIRST 1 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান প্রদান করে।

নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলো NYFIRST অনুদান পেয়েছে:

- নিউ ইয়র্ক সিটিতে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ইরভিং মেডিকেল সেন্টার (Columbia University Irving Medical Center)
- নিউ ইয়র্ক সিটিতে মাউন্ট সিনাই এর আইকান স্কুল অব মেডিসিন (Icahn School of Medicine at Mount Sinai)
- রচেস্টারের রচেস্টার বিশ্ববিদ্যালয় (University of Rochester)
- সিরাকিউসে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের (State University of New York) আপস্টেট মেডিকেল স্কুল (Upstate Medical School)

ESD-এর ওয়েবসাইটে এখন আবেদনপত্র ও নির্দেশনা পাওয়া যাবে এবং এখান থেকে সেগুলো অ্যাক্সেস করা যাবে।

নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ
নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কে একটি বিশ্ব-মানের প্রাণ বিজ্ঞান গবেষণা ক্লাস্টার সম্প্রসারণ ত্বরান্বিত করার পাশাপাশি এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতিকে সমৃদ্ধ করার স্টেটের সক্ষমতা সম্প্রসারণের জন্য 620 মিলিয়ন ডলারের উদ্যোগ হাতে নিয়েছে। এই বহুমুখী উদ্যোগের মধ্যে বিভিন্ন কৌশলগত কর্মসূচির জন্য 320 মিলিয়ন ডলার বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে যা স্টেটে নতুন প্রাণ বিজ্ঞান প্রযুক্তিকে আকৃষ্ট করবে, উদীয়মাণ প্রাণ বিজ্ঞান খাতে গুরুত্বপূর্ণ

সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগে উৎসাহিত করবে ও নিউ ইয়র্কজুড়ে প্রাণ বিজ্ঞান সম্পর্কিত ব্যবসা ও কর্মসংস্থান সৃষ্টি করবে ও প্রসার ঘটাবে।

বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যাল, বায়োমেডিকেল প্রযুক্তি, লাইফ সিস্টেম প্রযুক্তি ইত্যাদি নিয়ে প্রাণ বিজ্ঞান খাত গঠিত, এবং গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিকীকরণের বিভিন্ন পর্যায়ের জন্য তাদের অধিকাংশ প্রচেষ্টা নিয়োজিত করে থাকে এমন সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিদিন এই খাতের ফার্মগুলি নতুন মেডিক্যাল এবং ফার্মাসিউটিক্যাল উদ্ভাবন করছে যা জীবন রক্ষা করতে পারে, এটি হতে পারে নতুন থেরাপি বা ক্যান্সার বা স্নায়বিক রোগের দ্রুত সনাক্তকরণের মাধ্যমে। এইসব ফার্ম কৃষি এবং পরিবেশগত বায়োটেকনোলজির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে, যা অধিক পরিচ্ছন্ন ও টেকসই ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।

উদ্যোগগুলি জোরদার করে, ফ্যাসিলিটিতে বিনিয়োগ করে, এবং প্রতিভা ও দক্ষতার উপলভ্যতা উন্নত করে, নিউ ইয়র্ক শিল্প-অর্থায়িত গবেষণা ও বিকাশে নিজের ভাগ উল্লেখজনকভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণ সমর্থন করবে, এবং আধুনিক প্রযুক্তির পরবর্তী প্রজন্মে পদার্পণ করবে। বিজ্ঞানের অগ্রগতি ছাড়াও, উদ্যোগটি নিউ ইয়র্ককে উদীয়মান উৎপাদনভিত্তিক উদ্যোগের জন্য একটি চুম্বক হিসেবে স্থাপন করবে, আঞ্চলিক অর্থনীতিসমূহকে জোরদার কবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে। আরো তথ্যের জন্য এখানেESD-এর ওয়েবসাইট দেখুন।

###

অতিরিক্ত খবর উপলব্ধ আছে www.governor.ny.govএ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418